রুমনের মুক্তির দাবিতে পলিটেকনিক ছাত্রলীগের মিছিল

পাবনা পলিটেকনিক্যাল ইনস্টিটিউট
শাখা ছাত্রলীগের আয়োজনে জেলা
ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক
ও পাবনা পলিটেকনিক্যাল
ইনস্টিটিউটের সাবেক আহ্বায়ক
রফিকুল ইসলাম রুমনের নিঃশর্ত
মুক্তির দাবিতে প্রতিবাদ মিছিল ও
পথসভা অনুষ্ঠিত হয়। পাবনা
পলিটেকনিক্যাল ইনস্টিটিউট শাখা
ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা জয়ের নেতৃত্বে প্রতিবাদ মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এসময় কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা জয়ের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রাশেদ হোসেনের পরিচালনায় পথসভায় বক্তব্য দেন সহ-সভাপতি ছানাউল্লাহ সানি, সাংগঠনিক সম্পাদক আবির হোসেন, ছাত্রলীগ নেতা সেলিম, রিপন, রবিন, রাজু, সৌরভ, রকি প্রমূখ। এসময় বক্তাগণ বলেন, অবিলম্বে জেলা ছাত্রলীগের সাবেক সফল সাধারণ সম্পাদক ও পাবনা পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের সাবেক আহ্বায়ক রফিকুল ইসলাম রুমনের নিঃশর্ত মুক্তি দিতে হবে। না হলে তারা কঠোর আন্দোলন ও কর্মসূচী দেওয়ার ঘোষণা দেন।